

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
মাঠ প্রশাসন-৪ শাখা  
[www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)

নং-০৫.০০.০০০০.১৪০.১৯.০০৪.১৪-৪২৪

তারিখ: ০১ শ্রাবণ, ১৪২২  
১৬ জুলাই, ২০১৫


বিষয়: নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগ।

সূত্র: নির্বাচন কমিশন সচিবালয় এর ১৩ জুলাই, ২০১৫ খ্রিঃ তারিখের স্মারক নং-১৭.০০.০০০০.০৪৬.১১.০০৩.১৪-৭০।

উপরিউক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২১ জুলাই, ২০১৫ খ্রিঃ তারিখ মঙ্গলবার মাগুরা জেলার সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান পদে উপ-নির্বাচনের ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন উপলক্ষে ০৩ (তিন) জন নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগের জন্য নির্বাচন কমিশন সচিবালয় কর্তৃক সূত্রোক্ত পত্রের মাধ্যমে অনুরোধ জানানো হয়েছে। উক্ত ম্যাজিস্ট্রেটগণকে আইন শৃঙ্খলা রক্ষায় নিয়োজিত মোবাইল টিমের সাথে দায়িত্ব পালনের জন্য নির্বাচনি এলাকায় ভোটগ্রহণের পূর্বের ০২(দুই) দিন, ভোট গ্রহণের দিন ও ভোট গ্রহণের পরের দিন অর্থাৎ ১৯ জুলাই, ২০১৫ হতে ২২ জুলাই, ২০১৫ তারিখ পর্যন্ত মোট ০৪(চার) দিনের জন্য নিয়োগের নিমিত্ত নির্বাচন কমিশন কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০২। এমতাবস্থায়, আগামী ২১ জুলাই, ২০১৫ খ্রিঃ তারিখ মঙ্গলবার মাগুরা জেলার সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান পদে উপ-নির্বাচন উপলক্ষে আইন শৃঙ্খলা রক্ষায় নিয়োজিত মোবাইল টিমের সাথে দায়িত্ব পালনের নিমিত্ত সূত্রোক্ত পত্রের মর্মানুযায়ী ০৩ (তিন) জন নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্ত: বর্ণনামতে।

  
(শাহানারা ইয়াসমিন লিলি)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫১৪০৭৪

বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট

মাগুরা।

অনুলিপি:

- ০১। সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।  
(দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সহকারী সচিব, আইন-২)।
- ০২। বিভাগীয় কমিশনার, খুলনা।
- ০৩। সিনিয়র সিস্টেমস্ এনালিস্ট, পি.এ.সি.সি, জনপ্রশাসন মন্ত্রণালয়। ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।